চুয়াডাঙ্গায় মাকে হত্যা দায়ে ছেলের যাবজ্জীবন কারাদণ্ড

চুয়াডাঙ্গায় মাকে হত্যার দায়ে ছেলের যাবজ্জীবন কারাদণ্ড প্রদান করা হয়েছে। চুয়াডাঙ্গায় জবেদা খাতুন (৫০) নামের এক নারীকে হত্যার দায়ে তাঁর ছেলে মুকুল হোসেনকে (২৮) যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। বুধবার দুপুরে চুয়াডাঙ্গার জেলা ও দায়রা জজ আদালতের বিচারক জিয়া হায়দার এ রায় ঘোষণা করেন।

মামলার একমত্রা আসামি ছেলে মুকুল হোসেনের উপস্থিতিতে রায় ঘোষণা করা হয়। চুয়াডাঙ্গার পাবলিক প্রসিকিউটর (পিপি) মো. বেলাল হোসেন এই তথ্য নিশ্চিত করেছেন।

মামলার রায় সূত্রে জানা যায়, ২০২১ সালের ১৩ নভেম্বর বিকেল সাড়ে ৪টার দিকে নিজেদের বাড়িতে জবেদা খাতুনকে ধারালো হাসুয়া দিয়ে মাথায় আঘাত করে হত্যা করেন ছেলে মুকুল হোসেন।

জমিজমা নিয়ে বিরোধের কারণে এ হত্যাকাণ্ড সংঘঠিত হয় বলে মামলার এজাহারে উল্লেখ করা হয়েছে। এ ঘটনায় নিহত জবেদা খাতুনের ভাই মো. আলাউদ্দিন ঘটনার দিন রাতে মুকুল হোসেনকে আসামি করে চুয়াডাঙ্গা সদর থানায় একটি হত্যা মামলা দায়ের করেন।

এ মামলায় তদন্ত শেষে তদন্তকারী কর্মকর্তা এসআই হাসানুজ্জামান ২০২১ সালের ৩১ ডিসেম্বর মামলার একমাত্র আসামি মুকুল হোসেনের বিরুদ্ধে আদালতে চার্জশিট দাখিল করেন।

মামলায় ১৮ জন সাক্ষীর সাক্ষ্য প্রমাণে ছেলে মুকুল হোসেনের বিরুদ্ধে অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আদালত তাঁকে যাবজ্জীবন কারাদণ্ড দেন।